



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

GOAINGHAT GOVT. DEGREE COLLEGE

গোয়াইনঘাট সরকারি ডিগ্রি কলেজ

ডাকঘর ও উপজেলা : গোয়াইনঘাট, জেলা : সিলেট

Email : goainghatcollege@gmail.com, goainghatgovtcollege.edu.bd



সূত্র : গো:স:ক/

তারিখ : ২৮/০৫/২০২৪খ্রি:

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় প্রকাশিত “২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৪” অনুযায়ী গোয়াইনঘাট সরকারি ডিগ্রি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া নিম্নে উপস্থাপন করা হলো :-

গোয়াইনঘাট সরকারি ডিগ্রি কলেজের EIIN NO :- 130335

শাখাভিত্তিক আসন, ভর্তি আবেদনের ন্যূনতম যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি :-

শাখা	আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ	ভার্সন	শিফট
বিজ্ঞান	১৫০ টি	৩.০০	বাংলা	ডে
মানবিক	৪৫০ টি	২.৫০	বাংলা	ডে
ব্যবসায় শিক্ষা	১৫০ টি	২.০০	বাংলা	ডে

আবেদন প্রক্রিয়া : অত্র কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে অনলাইনে নিম্নের ওয়েবসাইটের নির্দেশিকা অনুসরণ করে আবেদন করতে হবে।

<https://xiclassadmission.gov.bd>

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইন আবেদন ফি জমা সাপেক্ষে কমপক্ষে ০৫টি কলেজ এবং সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে ০১টি কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

ভর্তি নিশ্চায়ন সংক্রান্ত :

শিক্ষার্থী যে পর্যায়ে নির্বাচিত হবে (১ম, ২য় ও ৩য় পর্যায়ে), নির্বাচিত হবার পর শিক্ষার্থীকে প্রাথমিক আবেদন নিশ্চায়ন করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ফি ওয়েবসাইটের নির্দেশনা অনুসারে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রাথমিক সিলেকশন বাতিল হয়ে যাবে।

ভর্তি সংক্রান্ত :

১ম, ২য় বা ৩য় পর্যায়ে নির্বাচিত ও নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের কলেজে চূড়ান্ত ভর্তির পদ্ধতি, সময় ও ভর্তি পরবর্তীতে কলেজের ওয়েবসাইট (www.goainghatgovtcollege.edu.bd) ও কলেজের নোটিশ বোর্ডে জানানো হবে।

- ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে শিক্ষামন্ত্রণালয় অথবা সিলেট শিক্ষা বোর্ডের নির্দেশনা/সিদ্ধান্ত চূড়ান্ত বলে গৃহীত হবে।

২৮/০৫/২০২৪ খ্রি.

মোহাম্মদ ফজলুল হক

অধ্যক্ষ

গোয়াইনঘাট সরকারি ডিগ্রি কলেজ

গোয়াইনঘাট, সিলেট